প্রথম আলো

তারিখ 05 MAR 2018
পৃষ্ঠা ৫ কলাম ৩

# সরকারি চাকরিতে যোগ দিচ্ছেন ১০১০ কওমি আলেম

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

কওমি শিক্ষাসনদের সরকারি স্বীকৃতির পর আজ সোমবার সকাল ১০টায় সরকারি চাকরিতে যোগ দিচ্ছেন ১ হাজার ১০ জন কওমি আলেম। গতকাল সোমবার ইসলামিক ফাউন্ডেশনের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ফাউন্ডেশনের অধীন বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় কওমি নেসাবের শিক্ষক হিসেবে তাঁরা যোগদান করবেন।

যোগদান শেষে ওই সব শিক্ষকের জন্য তিন দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। বেলা আড়াইটায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে ওই কর্মশালার উদ্বোধন করবেন ধর্মমন্ত্রী মতিউর রহমান। এতে প্রধান আলোচক হিসেবে থাকবেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন।